কুষ্টিয়ায় হত্যা মামলার এক আসামির মৃত্যুদণ্ড, ১১ আসামির যাবজ্জীবন

কুষ্টিয়ার ইবি থানার বহুল আলোচিত সন্ত্রাসী ফরিদুল ইসলাম হত্যা মামলার অভিযুক্ত এক আসামির মৃত্যুদণ্ড এবং আরও ১১ আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত।

সোমবার (২৪ ফেব্রুয়ারি) বেলা সাড়ে ১১টার সময় কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালতের বিজ্ঞ বিচারক অরূপ কুমার গোস্বামী এই রায় দেন। এ সময় মামলার ১২ জন আসামির মধ্যে ৭ জন উপস্থিত ছিলেন। বাকি ৫ আসামি পলাতক আছে।

মৃত্যুদণ্ডপ্রাপ্ত আসামি হলো- কুষ্টিয়ার ইবি থানা বানিয়া পাড়া গ্রামের নফছের আলীর ছেলে জগো আলী (পলাতক) এবং যাবজ্জীবন দণ্ডপ্রাপ্ত আসামিরা হলো- একই থানার সোনাইডাঙ্গা গ্রামের বদর উদ্দিনের পুত্র ইলাম মন্ডল ওরফে কালু (পলাতক), বৃত্তিপাড়া গ্রামের মনোয়ার মন্ডলের পুত্র শহিদুল, গজনবীপুরের ফকির মন্ডলের পুত্র বাদশা মন্ডল (পলাতক), দেড়িপাড়া গ্রামের তয়াক্কেল জোয়াদ্দারের পুত্র আলিম জোয়াদ্দার, বারুইপাড়া গ্রামের আফাজ সদ্দারের পুত্র আমিরুল ইসলাম, উজান গ্রামের মোনাউল্লার পুত্র বাবলু (পলাতক), তাইজাল আলীর পুত্র সাইদুল, ইজ্জত আলীর পুত্র মিজানুর রহমান, ইয়ার আলীর ছেলে আলী হোসেন, মজিদ মন্ডলের পুত্র আসাদুল ও সামসুল আলীর পুত্র ইউনুছ আলী।

আদালত সূত্রে জানা যায়, ২০১২ সালের ডিসেম্বর মাসে ২৩ তারিখে চরমপন্থি সন্ত্রাসী ফরিদুলের নেতৃত্বে আরও কয়েকজন সন্ত্রাসী মিলে মানিক মন্ডল নামে এক ব্যবসায়ীকে মুক্তিপণের জন্য অপহরণ করেন। পরে মুক্তিপণের টাকা নিয়ে ফরিদুলের সহযোগী জগোসহ অন্য সন্ত্রাসীদের সাথে ফরিদুলের বিরোধ বাধে, এ সময় কথা কাটাকাটির একপর্যায়ে ফরিদুলের সহযোগীরা ফরিদুলের মাথা কেটে তাকে হত্যা করে। তার মাথা ইবি থানার বারুইপাড়া গ্রামের একটি ব্রিজের ওপর রেখে দেয়, পরে পুলিশ এসে ওই কাটা মাথাটি উদ্ধার করে। এই ঘটনার পরের দিন ইসলামী বিশ্ববিদ্যালয় থানার এসআই নুরুজ্জামান বাদী হয়ে একই থানা একটি হত্যা মামলা দায়ের করেন। মামলাটি দীর্ঘ তদন্ত শেষে তদন্তকারী

কর্মকর্তা এসআই মনিরুল ইসলাম ১২ জনকে অভিযুক্ত করে আদালতে তদন্ত প্রতিবেদন জমা দেন। দীর্ঘ শুনানি শেষে আজ বেলা সাড়ে ১১টার দিকে কুষ্টিয়া জেলা ও দায়রা জজ আদালতের বিচারক এই প্রদান করেন।

এ দিকে কুষ্টিয়ার দৌলতপুরের প্রতিবন্ধীকে ধর্ষণের অভিযোগে রানা হোসেন এবং বেলি খাতুন নামে দুই আসামিকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছে নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনালের বিচারক মুন্সি মশিয়ার রহমান। এই মামলার দুই আসামি পলাতক থাকায় আসামিদের অনুপস্থিতিতেই এই রায় ঘোষণা করা হয়।

মেপ্র/ইএম

দেশকে আরও এক ধাপ উত্তরণে সুশাসন চাই: হাসানুল হক ইনু

জাতীয় সমাজতান্ত্রিক দলের (জাসদ) সভাপতি হাসানুল হক ইনু এমপি বলেছেন, গণতন্ত্রের সুন্দর বাগানের জন্য বন্য শুকর খোয়াড়ে ঢুকিয়ে অর্থনীতি রক্ষায় দুর্নীতিবাজদের দমন করতে হবে। জঙ্গীবাদের মতোই দুর্নীতির মুলোৎপাটন করে দেশকে আরও এক ধাপ উত্তরণে সুশাসন চাই।

গতকাল রবিবার বিকাল ৪টায় কুষ্টিয়া জেলা জাসদের সভাপতি গোলাম মহসিনের সভাপতিত্বে ৩০তম ত্রি-বার্ষিক জেলা সম্মেলনের আনুষ্ঠানিক উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন।

হাসানুল হক ইনু বলেন, শেখ হাসিনার নেতৃত্বে গত ১০ বছরে প্রথম পর্ব শেষ করে এখন নতুন পর্বে প্রবেশ করেছে দেশ। বিগত ১০ বছরে জঙ্গীবাদ, আগুন, সন্ত্রাস, নাশকতার বিরুদ্ধে যুদ্ধ শেষে দেশ মুক্তিযুদ্ধের চেতনায় ফিরে এসে এক বিস্ময়কর উন্নয়নের যাত্রা শুরু করেছে।

তিনি বলেন, বিদ্যমান অবস্থায় রাজনীতি, অর্থনীতিতে মৌল গুণগত পরিবর্তন অপরিহার্য হয়ে গেছে। শাসন-প্রশাসন, অর্থনীতি, সংবিধান ও

রাজনৈতিক মাঠে শান্তি, যুগোপযোগী মানব সম্পদের দক্ষতা বাড়াতে শিক্ষা ব্যবস্থার বিশৃংখলা দূরীকরণ, জননিরাপত্তা নিশ্চিতকরণসহ সব ক্ষেত্রে যুগান্তকারী পদক্ষেপ নিয়ে জাতীয় উন্নয়ন ঘটাতে হবে।

পরে জাসদ সভাপতি হাসানুল হক ইনু কুষ্টিয়া জেলা জাসদের সম্মেলনে তৃতীয়বারের মতো হাজি গোলাম মহসিনকে সভাপতি এবং আব্দুল আলীম স্বপনকে সাধারণ সম্পাদক করে ৬৮সদস্য বিশিষ্ট জেলা কমিটির ঘোষণা দেন।

এ সময় উপস্থিত ছিলেন জাসদ কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দসহ জেলা- উপজেলার নেতৃবৃন্দ। বর্ণাঢ্য আয়োজনের এই সম্মেলনের শেষ পর্বে সাংস্কৃতিক অনুষ্ঠান হয়।

মেপ্র/আরপি

কুষ্টিয়ায় ট্রাকের ধাক্কায় যুবক নিহত

কুষ্টিয়ার মিরপুরে ট্রাকের ধাক্কায় তরিকুল ইসলাম (২৫) নামের এক যুবক নিহত হয়েছেন।

গতকাল রবিবার সকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলার তালবাড়িয়া ইউনিয়নের কুষ্টিয়া-ঈশ্বরদী সড়কের ঘোড়ামারা নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত তরিকুল ইসলাম উপজেলার আটমাইল নওদা খাদিমপুর এলাকার রুকমান আলীর ছেলে।

তালবাড়িয়া পুলিশ ক্যাম্পের উপ-পরিদর্শক (এসআই) মানবেন্দ্র বিশ্বাস জানান, সকালে তরিকুল একটি বেকারীর কারখানা থেকে পাউরুটি-বিস্কুটের ভ্যান নিয়ে বাজারে যাচ্ছিলেন। পথিমধ্যে ঘোড়ামারা নামক স্থানে পৌঁছালে পেছন দিক থেকে একটি ট্রাক তাকে ধাক্কা দেয়। এতে ঘটনাস্থলেই তরিকুল ইসলাম নিহত হয়।
ঘটনাস্থল থেকে মরদেহটি উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে প্রেরণ করা হয়েছে।

মেপ্র/আরপি

সিনিয়রকে ‘দোস্ত’ বলায় ইবিতে সংঘর্ষ

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) সিনিয়র এক ছাত্রকে ‘দোস্ত’ বলায় ছাত্রদের মধ্যে সংঘর্ষ হয়েছে। সংঘর্ষ ঠেকাতে গিয়ে হিমেল চাকমা নামের এক ছাত্র আহত হয়েছেন। তাঁকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গত শনিবার রাত সাড়ে ১১টার দিকে ক্যাম্পাসের শহীদ জিয়াউর রহমান হলের সামনে এ ঘটনা ঘটে।

বিশ্ববিদ্যালয়ের কয়েকজন শিক্ষার্থীর ভাষ্য, গত শনিবার রাত সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের মার্কেটিং বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের শিক্ষার্থী জেবিয়ারকে বন্ধু ভেবে ‘দোস্ত’ বলে সম্বোধন করে আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের ছাত্র কামাল হোসেন।

এ নিয়ে জেবিয়ারের কাছে কামাল দুঃখপ্রকাশ করেন। কিন্তু কামালকে শাসিয়ে পরে দেখা করতে বলেন জেবিয়ার। কামাল তাঁর বন্ধুদের নিয়ে জিয়াউর রহমান হলে জেবিয়ারের সঙ্গে দেখা করতে যান। সেখানে কথা- কাটাকাটির একপর্যায়ে জেবিয়ারকে মারধর করেন কামাল ও তাঁর বন্ধুরা।

ঘটনা জানতে পেরে ছাত্রলীগের কয়েকজন নেতা সেখানে গিয়ে সমাধান করার চেষ্টা করেন। রাত সাড়ে ১১টার দিকে জিয়া হলের ২০৮ নম্বর কক্ষে কামাল অবস্থান করছেন জানতে পেরে জেবিয়ার তাঁর পক্ষের লোকজন নিয়ে কামালের কাছে যান।

এ সময় কামাল কক্ষ থেকে বের হননি। তখন জেবিয়ারের পক্ষের লোকজন দরজায় লাথি ও ইট-পাটকেল মারতে থাকেন। পরে তাঁরা হল থেকে বের হয়ে মোড়ে অবস্থান নেন। জিয়া হলসহ অন্য হলে থেকে আসা কামালদের পক্ষের লোকজনের সঙ্গে জেবিয়ারদের সংঘর্ষ বাঁধে। এ সময় উভয় পক্ষের নেতা-

কর্মীদের হাতে দেশীয় অস্ত্র দেখা যায়।

সংঘর্ষে হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগের ২০১৫-১৬ শিক্ষাবর্ষের ছাত্র হিমেল চাকমা নামের এক ছাত্রলীগ কর্মী গুরুতর আহত হন। তাঁকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়। ঘটনার জের ধরে জিয়াউর রহমান হলের ছাত্রলীগ কর্মী ইমতিয়াজের কক্ষ (৪১৫) ভাঙচুর করা হয়।

হাসপাতালে চিকিৎসাধীন হিমেল চাকমা বলেন, সংঘর্ষ ঠেকাতে গেলে তাঁকে পরিকল্পিতভাবে একটি পক্ষ মারধর করে। তাঁর কপালে চারটি সেলাই পড়েছে। চোখেও দেখতে সমস্যা হচ্ছে।

রাতের ঘটনা সম্পর্কে প্রক্টর পরেশ চন্দ্র বর্মণের মোবাইল ফোনে বলেন, ‘জরুরি মিটিংয়ে ব্যস্ত আছি, পরে কথা বলব।’

ইসলামী বিশ্ববিদ্যালয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গীর আরিফ বলেন, ‘আমি ভিসি স্যারের রুমে আছি, পরে কথা বলছি।’

মেপ্র/আরপি

সুমি ইসলামের প্রথম কাব্যগ্রন্থ ‘একাকিনীর আত্মযাপন’

অমর একুশে বইমেলায় সুমি ইসলামের প্রথম কাব্যগ্রন্থ ‘একাকিনীর আত্মযাপন’ প্রকাশিত হয়েছে।

এবারের বই মেলাতেই বইটি পাওয়া যাচ্ছে।

বিভিন্ন সময়ে তার লেখা এবং কবিতার সম্ভার নিয়ে এবারের বইমেলায় প্রকাশিত এই বইটির নাম ‘একাকিনীর আত্মযাপন’। বইটি পাওয়া যাচ্ছে ৬৯৭ নং স্টলের ‘আনন্দমের স্টলে’।

বইটিতে মূলত রোমান্টিক, প্রেম-ভালোবাসা, ভালোলাগা আর বাস্তবতার নিরিখে কথোপকথনের ভাষ্য নিয়ে নতুন প্রজন্মের পাঠক ও কিশোর-কিশোরীসগ সব বয়সের মানুষের জন্য চমৎকার কিছু কবিতার অবতারণা করা হয়েছে বইটিতে।

বইটির লেখার পেছনে সুমি ইসলাম বলেন, আমি নিজেকে খুঁজে বেড়াই আরেকটি আমিত্বের মধ্যে। এভাবেই আমি আমার নিজেকে খুঁজে পাওয়া হয় লেখনীর মধ্য দিয়ে। আর এই কবিতার বইয়ের মধ্যে আছে অনেক কিছু অচেনা, অজানার ভেতরেই নিজেকে খুঁজে পেয়ে চলি। এবং খুঁজে যায় অনবরত।

ব্ইটির লেখিকার জন্মস্থান কুষ্টিয়া শহরে। তিন ভাইবোনের মধ্যে তিনি সর্বকনিষ্ঠ। বড় দুই ভাইয়ের অপার স্নেহ বিশেষ করে বড় ভাইয়ের হাত ধরেই সাংস্কৃতিক অঙ্গনে আগমন। শিক্ষাজীবন থেকে একাধারে আবৃত্তি, জারিগান, একক অভিনয় ও লেখালেখিতে বিচরণ করেছেন। কুষ্টিয়া ইসলামী বিশ্বববিদ্যালয় থেকে আইন বিষয়ে মাস্টার্স পাশ করা এই লেখিকা বর্তমান ঢাকায় একটি প্রতিষ্ঠানে চাকরি করছেন। চাকরি ও ঘরকন্নার পাশাপাশি লিখে যাচ্ছেন অবিরত। তার কবিতা বিভিন্ন অনলাইন পত্রিকায় প্রকাশিত হলে এবারও তিনি প্রথম কাব্য গ্রন্থটি প্রকাশের প্রয়াসী হয়েছেন আরো লিখে যাচ্ছেন।

বিষয় বিচিত্রতা আর বাস্তবতার নিরিখে লেখা বইটির ভিন্ন স্বাদ আর নতুন মলাটের গন্ধে বইটি একটু হলেও পাঠকের মনকে দোলা দেবে বলেই লেখকের বিশ্বাস। তিনি আশা করেন, তার লেখা প্রথম এ কাব্যগ্রন্থ ‘একাকিনীর আত্মযাপন’ বইটি পাঠকের হৃদয় ছুঁয়ে যাবে।

মেপ্র/আরপি

কুমারখালীতে তিনদিন ব্যাপী কৃষি মেলা উদ্বোধন

কুষ্টিয়ার কুমারখালীতে তিনদিন ব্যাপী কৃষি মেলার উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার সকালে উপজেলা পরিষদ চত্বরে প্রধান অতিথি হিসেবে মেলার উদ্বোধন করেন কুষ্টিয়া-৪(খোকসা-কুমারখালী) আসনের সংসদ সদস্য ব্যারিষ্টার সেলিম আলতাফ জর্জ।

কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসরাম খানের সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের যশোর অঞ্চলের কর্মকর্তা সেলিম হোসেন। অনুষ্ঠানে উপজেলা কৃষি অফিসারসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

কৃষি ও গ্রামিণ উন্নয়ন প্রকল্পের আওতায় ব্যবহ্নত প্রযুক্তি সম্পর্কে ধারণা প্রদানের লক্ষে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, কুমারখালী উপজেলার আয়োজনে তিনদিন ব্যাপী মেলায় সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের ২৫টি স্টল অংশগ্রহন করে।

মেলা উপলক্ষে প্রতিদিন সন্ধ্যায় কৃষির উন্নয়ন নিয়ে সঙ্গীতানুষ্ঠান ও কৃষি ভিত্তিক অনুষ্ঠান সম্প্রচার করা হবে।

মেপ্র/আরপি

শিশুদের মানসিক বিকাশে হাতের লেখার গুরুত্ব অপরিসীম- ইউএনও

কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান বলেছেন, সুন্দর হাতের লেখা সৃজনশীলতার পরিচয় দেয়। আবার হাতের লেখা পরিস্কার হলে তা পড়তেও সুবিধা। তাই সুন্দর হাতের লেখার জন্য ছোটবেলা থেকেই সন্তানকে উৎসাহিত করা উচিৎ।

গতকাল শনিবার বিকেলে কুমারখালীতে সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরে শিশু কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখার প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন।

তিনি বলেন, একটা সময় ছিলো যখন পরীক্ষায় সুন্দর হাতের লেখার জন্য নম্বর সংযুক্ত করতেন শিক্ষকরা। আর এখন যুগ পাল্টেছে, এখন সবার ঘরে ঘরে ল্যাপটপ, হাতে মুঠোফোন বা ট্যাব। তাই বর্তমান সময়ে

প্রযুক্তির উন্নতির কারণে মানুষের হাতে-কলমে লেখার অভ্যাসটা কমে যাচ্ছে। তাই বেশিবেশি করে সুন্দ হাতের লেখা চর্চার উপর গুরুত্ব দিতে হবে উল্লেখ করে তিনি বলেন, শিশুদের মানসিক বিকাশে হাতের লেখার গুরুত্ব অপরিসীম। তাই অভিভাবকদের উচিৎ তাদের শিশুকে সুন্দর করে হাতের লেখা শিখতে উৎসাহিত করা।

মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২০ উদযাপন উপলক্ষে সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর এ সুন্দর বাংলা হাতের লেখার প্রতিযোগিতার আয়োজন করে।

প্রতিযোগীতা শেষে পুরস্কার তুলে দেন কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান।
সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের সহকারী পচিালক সৈয়দ এহসানুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে কুষ্টিয়া সরকারী মহিলা কলেজের ভাইস প্রিন্সিপ্যাল শিশির কুমার রায়, কুমারখালী সরকারী কলেজের বাংলা বিভাগের অধ্যাপক জিল্লুর রহমান বিশ্বাস, স্থানীয় কাউন্সিলর এমএ রফিকসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

শিশু কিশোরদের সুন্দর বাংলা হাতের লেখার প্রতিযোগিতায় দেড়শতাধিক শিক্ষার্থীরা অংশগ্রহণ করে।

কুষ্টিয়ার দৌলতপুরে সড়ক দূর্ঘটনায় মোটরসাইকেল চালক নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে সড়ক দূর্ঘটনায় আলাল উদ্দিন (২১) নামে এক মোটরসাইকেল চালক নিহত হয়েছে।

গতকাল শনিবার বিকেলের দিকে উপজেলার ভাগজোত কাষ্টম মোড় নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

এ ঘটনায় মোটরসাইকেল আরোহী শহিদুল ইসরাম নামের যুবক আহত হয়। তাকে আশংকাজনক অবস্থায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড

করা হয়েছে।

নিহত আলাল উদ্দিন উপজেলার মহিষকুন্ডি ডাকপাড়া এলাকার দুলালের ছেলে এবং আহত শহিদুল ইসলাম ভাগজোত কাষ্টম মোড় এলাকার সাহেব আলীর ছেলে।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এস এম আরিফুর রহমান জানান, আলাল মোটরসাইকেলের পেছনে বসিয়ে শহিদকে নিয়ে দ্রুত গতিতে মুন্সিগঞ্জ সীমান্ত থেকে মহিষকুন্ডি যাওয়ার পথে মোটরসাইকেলের নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশের এক বাড়ির প্রাচীরে ধাক্কা খায়।

এতে মোটরসাইকেল থেকে ছিটকে পড়ে চালক আলাল ঘটনাস্থলেই নিহত হয় এবং গুরুতর আহত শহিদকে উদ্ধার করে হাসপাতালে প্রেরণ করা হয়।

মেপ্র/আরপি

কুঠিবাড়ি পরিদর্শন করলেন ঢাকা উত্তর সিটির মেয়র আতিকুল

বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি বিজড়িত কুমারখালীর শিলাইদহের কুঠিবাড়ি পরিদর্শন করেছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নব নির্বাচিত মেয়র মো: আতিকুল ইসলাম।

গতকাল শনিবার দুপুরের দিকে কুমরাখালীতে পৌছালে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান তাকে ফুলেল শূভেচ্ছা জানান। এসময় মেরের সহধর্মীনি উপস্থিত ছিলেন।

পরে তিনি কুঠিবাড়ীর চারিপাশ ঘুরে ঘুরে দেখেন এবং বকুলতলায় রবীন্দ্র শিল্পী গোষ্ঠীর শিল্পীদের সমন্বয়ে পরিবেশিত রবীন্দ্র সঙ্গীত শোনেন।

মেপ্র/আরপি

কুষ্টিয়ায় সড়ক দুর্ঘটনায় জাতীয় হ্যান্ডবল দলের সোহান নিহত

কুষ্টিয়ার দৌলতপুরে সড়ক দুর্ঘটনায় নিহত হয়েছেন জাতীয় হ্যান্ডবল দলের সোহানুর রহমান সোহান।নেপালে অনুষ্ঠিত হওয়া সবশেষ দক্ষিণ এশিয়ান গেমসে (এসএ) খেলা এই গোলরক্ষকের বয়স হয়েছিল মাত্র ২১ বছর। একই ঘটনায় তার এক বন্ধু হৃদয় হোসেন (২১) নিহত হয়েছেন।

শুক্রবার (২১ ফেব্রুয়ারি) দুপুরে উপজেলার হোসেনাবাদ বাজারে শ্যালো ইঞ্জিনচালিত ট্রলির সঙ্গে মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষে তাদের মৃত্যু হয়।

নিহত সোহান উপজেলার ফিলিপনগরের কালু মিস্ত্রির ছেলে এবং তার বন্ধু হৃদয় হোসেন উপজেলার ফিলিপনগর ইউনিয়নের চর বাহিরমাদি এলাকার সাইদুল ইসলামের ছেলে।
দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) এসএম আরিফুর রহমান জানান, দুপুরের দিকে দৌলতপুরে মোটরসাইকেলের সঙ্গে শ্যালো ইঞ্জিন চালিত ট্রলির মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেলের দুই আরোহীর মধ্যে সোহান ঘটনাস্থলে মারা যান। পরে তার বন্ধুকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নেওয়া হলে সেখান থেকে ঢাকায় রেফার্ড করলে পথেই মারা যান।

কুষ্টিয়া জেনারেল হাসপাতালের আবাসিক চিকিৎসা কর্মকর্তা (আরএমও) ডা. তাপস কুমার সরকার জানান, কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় হৃদয়ের মৃত্যু হয়েছে এবং সোহানের অবস্থার অবনতি হওয়ায় তাকে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়।

বিভিন্ন বয়সভিত্তিক ও জাতীয় প্রতিযোগিতায় খেলা সোহান গত ডিসেম্বরে নেপালে হওয়া এসএ গেমসের বাংলাদেশ দলের প্রধান গোলরক্ষক ছিলেন। এছাড়া পাকিস্তানে আন্তর্জাতিক যুব হ্যান্ডবল ট্রফিতেও খেলেছেন তিনি।